দৈনিক বাংলা

তারিখ 07 NOV 1988 পৃষ্ঠা 9 কলাম 8

# ভোলার ৭ উপজেলায় বয়স্ক শিক্ষা প্রকল্পের কার্যক্রম শুরু

(নিজস্ব সংবাদদাতা)

ভোলা, ৫ই নবেম্বর।—১লা নবেম্বর থেকে ভোলা জেলা পরিষদ ৭টি উপজেলায় বয়স্ক শিক্ষা কার্যক্রম শুরু করেছে। এর জন্য এক লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।

গত ২৯শে অক্টোবর জেলা পরিষদের সচিব স্থানীয় সাংবাদিকদের সাথে সাক্ষাৎকারে জানায়. এ কার্যক্রমের আওতাও উপজেলা সদরের ৭টি শিক্ষা প্রতিষ্ঠান বাছাই করা হয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ১শ' জন বয়স্ক লোককে ৩ মাস ব্যাপী স্বাক্ষরতা প্রদান করা হবে। প্রতি ৫০ জন লোকের জন্য ১ জন করে শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রত্যেক শিক্ষককে মাসিক এক হাজার টাকা এবং দপ্তরিদের এক শ' টাকা ভাতা ধার্য করা হয়েছে।

জনাব আবদুর রউফ আরও জানান. স্থানীয় সরকার পল্লি-উন্নয়ন ও সমবায় মন্ত্রী এম নাজিউর রহমানের প্রেরণায় জেলা পরিষদ এ বয়স্ক শিক্ষা কার্যক্রম হাতে নিয়েছে।

বয়স্ক শিক্ষার পাশাপাশি এসব লোকদের পরিবার পরিকল্পনা, গবাদিপশু, হাঁসমুরগী পালন, কৃষি ও মৎস্য চাষ এবং জনস্বাস্থ্য শিক্ষার মত মৌলিক শিক্ষাদানও এ কার্যক্রমের অন্তর্ভুক্ত রাখা হয়েছে।

এ কার্যক্রম প্রতি ৩ মাস অন্তর পর্যায়ক্রমে চলবে বলে তিনি উল্লেখ করেন।